

ভর্তি বিষয়ক একটি ভার্চুয়াল তথ্য অধিবেশনে যোগ দিন!

প্রিয় পরিবারবর্গ,

মিডল্ স্কুলে আবেদন গ্রহণ শুরু হবে **বুধবার, 11 অক্টোবর, 2023**; NYC-র বর্তমান পঞ্চম গ্রেডের সকল শিক্ষার্থী ও পরিবারবর্গ, যারা মিডল্ স্কুলে ভর্তির আবেদন করবে, তাদেরকে আমাদের সাথে সরাসরি সম্প্রচারিত (লাইভ) ভার্চুয়াল তথ্য অধিবেশনে যোগ দেয়ার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। উপস্থাপনার পর, আমরা আপনাদের প্রশ্নাবলির জবাব দেব। প্রতিটি অনুষ্ঠান ভার্চুয়ালভাবে হবে, এর ফলে আপনি যেকোনো স্থান থেকে যোগ দিতে পারবেন!

প্রতিটি অনলাইন অনুষ্ঠান চলাকালে, আমরা আলোচনা করবো:

- আপনার [MySchools.nyc](https://www.myschools.nyc.gov) অ্যাকাউন্ট কীভাবে দেখতে পাবেন। মাইস্কুলস্ হচ্ছে NYC পাবলিক স্কুলস্-এর অনলাইন ভিত্তিক স্কুল সংক্রান্ত তথ্য তালিকা (স্কুল ডিরেক্টরি) এবং আবেদন পদ্ধতি।
- আপনার সন্তানের মিডল্ স্কুলের অপশনগুলো সম্পর্কে কীভাবে জানা যাবে।
- কীভাবে আবেদন করতে হয় এবং কীভাবে অফার দেয়া হয়।

প্রতিটি অনুষ্ঠানের বিষয়বস্তু একই, কিন্তু **ভিন্ন ভিন্ন অনুষ্ঠানে ভিন্ন ভিন্ন দোভাষী পরিষেবা দেয়া হবে**, যা নিম্নোক্ত:

- **17 অক্টোবর, 5pm থেকে 6pm** | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। দোভাষী সেবা উল্লেখিত ভাষাসমূহে প্রদান করা হবে: বাংলা, কোরিয়ান, স্প্যানিশ
- **18 অক্টোবর, 5pm থেকে 6pm** | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। দোভাষী সেবা উল্লেখিত ভাষাসমূহে প্রদান করা হবে: চাইনিজ (ম্যান্ডারিন), হেশিয়ান ক্রিওল, উর্দু
- **19 অক্টোবর, 1pm থেকে 2pm** | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। দোভাষী সেবা উল্লেখিত ভাষাসমূহে প্রদান করা হবে: আরবি, ফ্রেঞ্চ, রাশিয়ান

কীভাবে অংশগ্রহণ করতে হবে:

- অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারে (লাইভ) পরিচালিত হবে। অনুষ্ঠান শুরু হবার সময়, এখানে ক্লিক করে আমাদের সাথে এখানে জুম (Zoom)-এ যোগ দিন: <https://bit.ly/2023FallMSEvents>.
- **গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য:** অধিবেশনের দুই কার্য দিবস আগে আপনার ইমেইল অথবা [schools.nyc.gov/Middle](https://schools.nyc.gov/Middle) ওয়েবপেজ চেক করবেন: আমরা আপনাকে একটি মেসেজ পাঠাবো যাতে অধিবেশনে যোগ দিতে আপনার জন্য আবশ্যিক জুম (zoom) লিংক এবং পাসওয়ার্ড এবং এর পাশাপাশি পরিষেবা প্রদানকৃত ভাষাসমূহে দোভাষীর জন্য কল করতে ফোন নম্বর দেয়া থাকবে।

অংশগ্রহণ করতে পারবেন না, কিংবা আরও জানতে চান?

- [schools.nyc.gov/Middle](https://schools.nyc.gov/Middle) দেখুন। প্রথম অধিবেশনের দুই সপ্তাহ পর আমাদের ওয়েবসাইটে অনুবাদ সহ ক্যাপশন (লেখা) দেয়া একটি রেকর্ডিং অধিবেশন লভ্য হবে।

শুভেচ্ছান্তে,

মিডল্ স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট